

পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি

বৈসু, সাংগ্রাই, বিজু (বৈ সা বি) ও বাংলা নববর্ষ ১৪২৬ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত
প্রস্তুতি সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব কংজরী চৌধুরী
চেয়ারম্যান,
পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

সভার তারিখঃ ০৩/০৪/২০১৯খ্রিঃ
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা
স্থানঃ জেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি তালিকাঃ সংযোজনী- "ক"

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান, পার্বত্য চট্টগ্রামের ঐতিহ্যবাহী সামাজিক উৎসব বৈসু, সাংগ্রাই, বিজু অতি সন্নিহিতে। পার্বত্য অঞ্চলে বসবাসরত উপজাতীয় সম্প্রদায় প্রতি বছর বিভিন্ন আচার অনুষ্ঠানের মাধ্যমে পুরাতন বাংলা বর্ষকে বিদায় এবং নতুন বর্ষকে বরণ করে থাকে। তিনি আরো জানান, শুধু উপজাতীয় সম্প্রদায় নয়, এ অঞ্চলে বসবাসরত অ-উপজাতীয় সম্প্রদায়ের জনগণও বাংলা নববর্ষ উপলক্ষে বিভিন্ন আচার অনুষ্ঠান পালন করে থাকেন। পার্বত্য চট্টগ্রাম চুক্তি (শান্তিচুক্তি) হওয়ার পর হতে তিন পার্বত্য জেলায় জেলা পরিষদের উদ্যোগে নানা কর্মসূচী আয়োজনের মাধ্যমে বাংলা পুরাতন বছরকে বিদায় এবং নতুন বছরকে বরণ অনুষ্ঠান পরিচালিত হয়ে আসছে। তিনি জানান, এ বছর পার্বত্য জেলা পরিষদ জেলার সকল সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব, এনজিও, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসনের অংশ গ্রহনের মাধ্যমে আনন্দ উল্লাসের মধ্য দিয়ে বাংলা বর্ষ ১৪২৫কে বিদায় এবং বাংলা নববর্ষ ১৪২৬কে বরণ করতে চাই। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা ও মতামত কামনা করেন।

০২। সভায় পূর্ববর্তী বছরের অনুষ্ঠানসূচী এবং উপস্থিত বিভিন্ন ব্যক্তিবর্গের মতামতের ভিত্তিতে বিস্তারিত আলোচনাক্রমে ব্যাপক উৎসাহ উদ্দীপনায় বৈসু, সাংগ্রাই, বিজু ও বাংলা নববর্ষ ১৪২৬ উদযাপনের বিষয়ে নিম্নরূপ অনুষ্ঠানসূচী গৃহীত হয়ঃ


১১ এপ্রিল, ২০১৯ রোজ বৃহস্পতিবার দিনব্যাপি গৃহীত কর্মসূচী

তারিখ ও সময়	স্থান	কর্মসূচী	ব্যবস্থাপনায়
১১ এপ্রিল, ২০১৯ সকাল ৮টা	খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ প্রাঙ্গণ	দিনব্যাপি বর্ণাঢ্য অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন এবং র্যালি শুরু। র্যালিটি খাগড়াছড়ি শহর হয়ে খাগড়াছড়ি টাউন হল প্রাঙ্গণে গিয়ে শেষ হবে।	র্যালি উপকমিটি।
-এ- সকাল ৯টা	খাগড়াছড়ি টাউন হল প্রাঙ্গণ	বিভিন্ন ঐতিহ্যবাহী খেলা/বিষয় প্রদর্শন, গড়াইয়া নৃত্য, পানি উৎসব ইত্যাদি পরিচালনা	ডিসপ্লে/খেলাধুলা উপকমিটি
-এ-সন্ধ্যা ৭.০০টা	-এ-	মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান	সাংস্কৃতিক অনুষ্ঠান উপকমিটি

০৩। গঠিত মূল কমিটি ও উপ-কমিটিসমূহঃ-

বৈ সা বি ও বাংলা নববর্ষ উদযাপন কমিটি(মূল কমিটি)ঃ (পদ মর্যাদা/জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

উপদেষ্টাঃ জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি, মাননীয় চেয়ারম্যান (প্রতিমন্ত্রী পদমর্যাদা), ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী
প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্ত নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।



সভাপতি	জনাব কংজরী চৌধুরী, চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
সদস্য	ঃ জেলা প্রশাসক, খাগড়াছড়ি। পুলিশ সুপার, খাগড়াছড়ি। খাগড়াছড়ি রিজিয়ন প্রতিনিধি। মেয়র, খাগড়াছড়ি পৌরসভা, খাগড়াছড়ি। চেয়ারম্যান, খাগড়াছড়ি সদর উপজেলা, খাগড়াছড়ি। সম্মানিত সদস্য(সকল), পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি। অধ্যক্ষ, খাগড়াছড়ি সরকারী কলেজ। অধ্যক্ষ, খাগড়াছড়ি সরকারী মহিলা কলেজ। সিভিল সার্জন, খাগড়াছড়ি। জেলার পর্যায়ের বিভাগীয় প্রধান (সকল)। প্রধান শিক্ষক, সকল উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ি সদর। জনাব নুরুনবী চৌধুরী, উপদেষ্টা পরিষদ সদস্য, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় জনাব কল্যাণ মিত্র বড়ুয়া, সামাজিক ব্যক্তিত্ব, খাগড়াছড়ি। জনাব সন্তোষিত চাকমা, সামাজিক ব্যক্তিত্ব, খাগড়াছড়ি। জনাব চৌধুরী আতাউর রহমান, সম্পাদক, দৈনিক অরণ্য বার্তা। সভাপতি, খাগড়াছড়ি প্রেস ক্লাব। সভাপতি, খাগড়াছড়ি সাংবাদিক ইউনিয়ন। সাধারণ সম্পাদক, মারমা উন্নয়ন সংসদ, খাগড়াছড়ি। সাধারণ সম্পাদক, বাংলাদেশ ত্রিপুরা কল্যাণ সংসদ, খাগড়াছড়ি।

সদস্য সচিবঃ মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

- গঠিত কমিটি সকল উপ-কমিটির কার্যক্রম মনিটরিং-তদারকিসহ সার্বিক বিষয়ে সমন্বয় করবেন।

উপ-কমিটিসমূহঃ-

ক) র্যালি উপ-কমিটি (পদ মর্যাদা/জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

আহবায়ক :	জনাব পার্থ ত্রিপুরা, সদস্য, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
সদস্য :	জনাব জুয়েল চাকমা, সদস্য, পাজেপ ও সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা, খাগড়াছড়ি। নেজারত ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয় সহকারী পুলিশ সুপার(সদর সার্কেল), খাগড়াছড়ি। মিজ বিউটি রাণী ত্রিপুরা, সদর উপজেলা খাগড়াছড়ি। মিজ বাশরী মারমা, সদর উপজেলা খাগড়াছড়ি। প্রধান শিক্ষক (সকল) উচ্চ বিদ্যালয়, সদর, খাগড়াছড়ি। জনাব জিতেন চাকমা, উপ-পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি। ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাগড়াছড়ি সদর থানা। জনাব আজিম উল হক, জেলা কমিশনার, জেলা স্কাউটস, খাগড়াছড়ি। জনাব জীতেন বড়ুয়া, সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি, খাগড়াছড়ি। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সংগীত সমন্বয় পরিষদ, খাগড়াছড়ি। সভাপতি/সম্পাদক, সকল সাংস্কৃতিক প্রতিষ্ঠান, জেলা সদর, খাগড়াছড়ি। সভাপতি/সম্পাদক, (সকল) ক্লাব/সংগঠন, জেলা সদর, খাগড়াছড়ি। জেলার সকল এনজিও প্রধান, জেলা সদর, খাগড়াছড়ি। জনাব মোঃ সাইফুল্লাহ, নাজির, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
সদস্য সচিবঃ	জনাব চিংলামং চৌধুরী, জনসংযোগ কর্মকর্তা, পাজেপ, খাগড়াছড়ি।

- গঠিত উপ কমিটি র্যালি-তে অংশগ্রহণের বিষয়ে বিভিন্ন সামাজিক/সাংস্কৃতিক সংগঠন এবং এনজিও সমূহের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় লোক সমাগমের ব্যবস্থা গ্রহণ করবেন। পরিষদের নেজারত শাখা হতে প্রয়োজনীয় নাস্তার ব্যবস্থা করা হবে।



পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি

গ) ডিসপ্রে/খেলাধুলা উপ-কমিটি(পদ মর্যাদা/জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

আহবায়ক : জনাব শতরূপা, সদস্য, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
সদস্য : জনাব পার্থ ত্রিপুরা, সদস্য, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
জনাব জীবন রোয়াজা, নির্বাহী প্রকৌশলী, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
জনাব জীতেন বড়ুয়া, সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি, খাগড়াছড়ি।
জনাব মোঃ সাইফুল্লাহ, নাজির, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

- সংশ্লিষ্ট উপ কমিটি বিভিন্ন ঐতিহ্যবাহী খেলা/বিষয় প্রদর্শন, গড়াইয়া নৃত্য, পানি উৎসব ইত্যাদির আয়োজন করবে।

ঘ) সাংস্কৃতিক উপ-কমিটি (পদ মর্যাদা/জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

আহবায়ক : জনাব মংসুইঞ্চ চৌধুরী, সদস্য, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
সদস্য : জনাব জীবন রোয়াজা, নির্বাহী প্রকৌশলী, পাজেপ, খাগড়াছড়ি।
উপ-পরিচালক, ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
জনাব মো. বদিউল আলম, হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, পাজেপ, খাগড়াছড়ি।
জনাব চিংলামং চৌধুরী, পিআরও, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
সদস্য সচিবঃ জনাব জীতেন বড়ুয়া, সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি, খাগড়াছড়ি।

- সংশ্লিষ্ট উপ কমিটি সন্ধ্যায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে।

ঙ) প্রচার উপ-কমিটি(পদ মর্যাদা/জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

আহবায়ক : জনাব খগেশ্বর ত্রিপুরা, সদস্য, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
সদস্য : জনাব চৌধুরী আতাউর রহমান, সম্পাদক, দৈনিক অরণ্য বার্তা, খাগড়াছড়ি।
জনাব জীতেন বড়ুয়া, সভাপতি, খাগড়াছড়ি প্রেস ক্লাব।
জনাব নুরুল আজম, সভাপতি, খাগড়াছড়ি সাংবাদিক ইউনিয়ন।
জনাব চিংলামং চৌধুরী, পিআরও, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

সংশ্লিষ্ট উপ কমিটি গৃহীত অনুষ্ঠানমালা ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

চ) ঐতিহ্যবাহী পোষাক পরিধানকারীদের পুরস্কার উপ-কমিটি(পদ মর্যাদা/জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

আহবায়ক : নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
সদস্য : জনাব প্রশান্ত কুমার হালদার, সহকারী প্রকৌশলী, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
উপ-পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
শহর সমাজসেবা কর্মকর্তা, খাগড়াছড়ি সদর।
সভাপতি/সম্পাদক, মারমা উন্নয়ন সংসদ, খাগড়াছড়ি।
সভাপতি/সম্পাদক, ত্রিপুরা কল্যাণ সংসদ, খাগড়াছড়ি।
জনাব চৌধুরী আতাউর রহমান, সম্পাদক, দৈনিক অরণ্য বার্তা, খাগড়াছড়ি।

সংশ্লিষ্ট উপ কমিটি গৃহীত অনুষ্ঠানমালায় ঐতিহ্যবাহী পোষাক পরিধানকারীদের সৌন্দর্য বিশ্লেষণ করে পুরস্কারের ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪। অন্যান্য সিদ্ধান্ত সমূহঃ

- ১) "বৈসারি" ও বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষ্যে গঠিত উপ-কমিটিসমূহ স্ব স্ব উপ-কমিটির সভা আহবান পূর্বক কর্মসূচী/পরিকল্পনা এবং বাজেট প্রণয়ন করতঃ মূল কমিটির সদস্য সচিবের নিকট আগামী ০৫ এপ্রিল, ২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে জমা প্রদান করবেন।
- ২) সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা একটি মেডিকেল টীম গঠন পূর্বক (এ্যাম্বুলেন্সসহ) র্যালি অনুষ্ঠানে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৩) এ পরিষদের সন্মানিত সদস্যবৃন্দ প্রতিটি উপ-কমিটির কাজে সার্বিক সহযোগিতা ও সমন্বয় করতঃ আয়োজিত অনুষ্ঠানমালা সুষ্ঠুভাবে পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করবেন।



Website: www.khdc.gov.bd Fax: 0371-61878, E-mail: khdcabd@gmail.com

- ৪) আগামী ০৫ এপ্রিল, ২০১৯ খ্রিঃ তারিখে বিকেল ৩.০০ ঘটিকায় পরিষদ সম্মেলন কক্ষে প্রাপ্ত কর্মসূচী/পরিকল্পনা চূড়ান্ত করে নির্ধারিত সময়ে "বৈসাবি" ও বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হবে।
- ৫) ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের অনুষ্ঠানমালা পার্বত্য জেলা পরিষদের অনুষ্ঠানমালার সাথে সমন্বয় করে পরিচালনা করতে হবে।
- ৬) র্যালিতে পুলিশের বাদক দল প্রেরণ এবং সকল অনুষ্ঠানে আইন শৃংখলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, খাগড়াছড়ি -কে অনুরোধ করা হলো।
- ৭) র্যালিতে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এবং স্ব স্ব ঐতিহ্যবাহী পোষাকে অংশগ্রহণ নিশ্চিত করণার্থে বিভিন্ন সামাজিক/ সাংস্কৃতিক/ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের বিশেষ দৃষ্টি আকর্ষণ করা হল।
- ৮) জেলা স্কাউটস এবং রেডক্রিসেন্ট ইউনিট র্যালির স্বেচ্ছাসেবক দল গঠন করে যথাযথভাবে পরিচালনার ব্যবস্থা গ্রহণ করবেন। অন্যান্য সংগঠন ও সাংগঠনিক ক্লাবের সদস্যগণও আলোচনা করে স্বেচ্ছাসেবক টীম প্রেরণের ব্যবস্থা করবেন।
- ৯) খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ হতে আসন্ন বৈসাবি ও বাংলা নববর্ষ ১৪২৬ বাংলা উদযাপন উপলক্ষে প্রয়োজনীয় খরচ নির্বাহ করা হবে।
- ১০) সার্বিকভাবে আইন শৃংখলা পরিস্থিতি রক্ষাকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সকল আইন শৃংখলা বাহিনীসহ জেলা প্রশাসন এবং সর্বাত্মক প্রচারণার জন্য অনলাইন ও প্রিন্ট মিডিয়ায় সকল সাংবাদিক/সংবাদকর্মীদের বিশেষভাবে অনুরোধ করা হয়।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বতঃস্ফূর্তভাবে র্যালিতে অংশ গ্রহণসহ বিভিন্ন অনুষ্ঠানমালায় উপস্থিত হয়ে অনুষ্ঠানমালা সফল করার উদাত্ত আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/ কংজরী চৌধুরী

০৩/০৪/২০১৯

চেয়ারম্যান,

পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

তারিখঃ ০৩ এপ্রিল, ২০১৯ খ্রি.

নং ২৯.২৩৬.০১৮.৩৩.৭৭.০০৫.২০১৯-৫১৬

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-(পদ মর্যাদা/জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি, চেয়ারম্যান (প্রতিমন্ত্রী পদমর্যাদা), শরণার্থী এবং আভ্যন্তরীণ উদ্বাস্তু বিষয়ক টাস্কফোর্স, খাগড়াছড়ি।
২. মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাংগামাটি।
৩. সচিব পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫. রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি/গুইমারা, রিজিয়ন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬. সেক্টর কমান্ডার, বিজিবি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
৯. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০. মেয়র, খাগড়াছড়ি পৌরসভা।
১১. চেয়ারম্যান, খাগড়াছড়ি সদর উপজেলা পরিষদ।
১২. জনাব..... আহবায়ক/সদস্য সচিব, সংশ্লিষ্ট উপ কমিটি।
১৩. জেলার বিভাগীয় প্রধান(সকল)..... খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৪. অধিনায়ক, ডিজিএফআই, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৫. অধিনায়ক, আর্মি সিকিউরিটি ইউনিট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৬. যুগ্ম-পরিচালক, জেলা এনএসআই, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৭. সভাপতি/সম্পাদক.....
১৮. জনাব.....

(মো. নূরুজ্জামান)

যুগ্মসচিব

মুখ্য নির্বাহী কর্মকর্তা,

পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

ফোনঃ (০৩৭১) ৬১৮৩১